

প্রজ্ঞাপন

তারিখ, ২রা ভাদ্র, ১৩৯৬/১৭ই আগস্ট, ১৯৮৯ ইং।

এস,আর,ও নং ২৮৯-আইন/৮৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্বিষয়ে অত্র বিভাগের Notification No. S.R.O. 149-L/81, তারিখ ১২ই মে, ১৯৮১ বাতিলক্রমে, সরকার The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (XXXVI of 1980) এর section 10 এর অধীনে ঘোষিত যে কোন Export Processing Zone এ স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ধৃত আয়কে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে উক্ত শিল্পের বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন শুরুর তারিখ হইতে দশ বছরের জন্য অব্যাহতি প্রদান করিলেন।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আলী রেজা খান

অতিরিক্ত সচিব

প্রজ্ঞাপন

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১১।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্বিষয়ে অত্র বিভাগের ২রা ভাদ্র, ১৩৯৬ বঙ্গাব্দ মোতাবেক ১৭ই আগস্ট, ১৯৮৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৮৯-আইন/৮৯ রহিতক্রমে সরকার, The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত যে কোন Export Processing Zone এ ১ জানুয়ারী, ২০১২ বা তৎপরবর্তীতে স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ধৃত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম দুই বছর (প্রথম ও দ্বিতীয় বছর)	১০০%
পরবর্তী দুই বছর (তৃতীয় ও চতুর্থ বছর)	৫০%
পরবর্তী এক বছর (পঞ্চম বছর)	২৫%

০২। দফা ০১ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০৩। এই বিধান ১ জানুয়ারী, ২০১২ তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্বিষয়ে অত্র বিভাগের ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে সরকার, The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত Export Processing Zone বা বাংলাদেশ বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সালের ২০ নং আইন) এর ধারা ১১ এর অধীন ঘোষিত যে কোন রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল-এ ১ জানুয়ারী, ২০১২ খ্রিঃ তারিখে বা তৎপরবর্তীতে স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ভূত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলা ব্যতীত) এ স্থাপিত হইলে-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম দুই বৎসর (প্রথম ও দ্বিতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (তৃতীয় ও চতুর্থ বৎসর)	৫০%
পরবর্তী এক বৎসর (পঞ্চম বৎসর)	২৫%;

(খ) উপ-দফা (ক) এ উল্লিখিত বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগ এ বা বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলায় স্থাপিত হইলে-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম তিন বৎসর (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ বৎসর)	৫০%
পরবর্তী এক বছর (সপ্তম বছর)	২৫%;

(গ) উপরি-উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। এই বিধান ১ জানুয়ারী, ২০১২ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।